আজকের কাগজ

তারিখ ...13 JUL 1993 ...
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৬ ...

মাদ্রাসা অধ্যক্ষ পলাতক

# রংপুরে ১শ' ১০ জন কামেল পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি

**রংপুর থেকে জয়নাল আবেদীন ঃ** মাদ্রাসার অধ্যক্ষকে গ্রেফতারের দাবিতে গত শনিবার রংপুরে মাদ্রাসা ছাত্ররা একটি বিক্ষোভ মিছিল বের করে। জানা গেছে বড় রংপুর কারামতিয়া আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ আব্দুল আজিজ-এর দুর্নীতি, স্বজনপ্রীতি, স্বেচ্ছাচারিতার ফলে ঐ মাদ্রাসার ১শ' ১০ জন পরীক্ষার্থী চলতি কামেল পরীক্ষায় অংশ নিতে না পারায় শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে। পরীক্ষার্থীরা মাদ্রাসা অধ্যক্ষের বিভিন্ন দুর্নীতির খতিয়ান ও গ্রেফতারের দাবি জানিয়ে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করে। তাদের লিখিত অভিযোগে জানা গেছে, চলতি ১৯৯৩ সালের কামেল ফিকহ্ গ্রুপের নিয়মিত ও বহিরাগত মোট ১শ' ১০ জন ছাত্রের গত শনিবার থেকে কামেল পরীক্ষায় অংশ নেয়ার কথা ছিলো। কিন্তু ফর্ম পূরণের পরও তারা প্রবেশপত্র পায়নি। ছাত্ররা অভিযোগ করেন শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি ছাড়াও অধ্যক্ষ প্রত্যেক ছাত্রের কাছ থেকে ২/৩ হাজার টাকা করে বেশি নিয়েছেন। পরীক্ষার্থীরা টাকা ফেরত দাবিসহ দুর্নীতিবাজ মাদ্রাসা অধ্যক্ষের গ্রেফতারের দাবি জানিয়ে মিছিল করে। এদিকে মাদ্রাসা অধ্যক্ষ পলাতক রয়েছেন বলে মাদ্রাসার একটি সূত্র জানায়।